

আন্তর্জাতিক

নেপালে বন্যা-ভূমিধসে ৪৬৯ মরদেহ উদ্ধার, নিখোঁজ দেড় হাজার

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নেপালের রাসুয়া জেলায় আকস্মিক বন্যা ও ভূমিধসে প্রাণহানি বেড়েই চলেছে। কাদা ও ধ্বংসস্তূপের নিচ থেকে একের পর এক মরদেহ উদ্ধার করা হচ্ছে। এখন পর্যন্ত ৪৬৯টি মরদেহ উদ্ধার হয়েছে। নিখোঁজ রয়েছেন প্রায় ১ হাজার ৫০০ মানুষ। তাঁদের মধ্যে কয়েকশ বিদেশি নাগরিকও রয়েছেন।

গুত্রবার সকালে নেপাল পুলিশের সর্বশেষ তথ্যের বরাত দিয়ে এএফপি এ তথ্য জানিয়েছে। এর আগে উদ্ধার হওয়া মরদেহের সংখ্যা ছিল ৪০০। কয়েক ঘণ্টার ব্যবধানে আরও ৬৯টি মরদেহ উদ্ধার করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হচ্ছে। নতুন করে বন্যার ঝুঁকিতে থাকা মানুষদেরও নিরাপদ এলাকায় নেওয়া হচ্ছে।

বুধবার সকালে রাসুয়া জেলার দিকে হঠাৎ ভয়াবহ ঢল নামে। এতে ত্রিশূলী ও নারায়ণী নদীর পানি দ্রুত বাড়তে থাকে। একই সঙ্গে ফুলেফেঁপে

ওঠে ভোটেকোশী নদীও।

পাহাড় থেকে নেমে আসা পানির সঙ্গে যোগ হয় ভূমিধসের কাদা ও পাথর। প্রবল স্রোতে মুহূর্তের মধ্যে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। সৃষ্টি হয় ভয়াবহ পরিস্থিতি।

বন্যার পানির তোড়ে ঘরবাড়ি, সেতু, গাছপালা ও বৈদ্যুতিক খুঁটিসহ বিভিন্ন অবকাঠামো ভেসে গেছে বা ধ্বংস হয়েছে। দুর্গত এলাকায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রম চলছে।

নেপালের পাশাপাশি চীনের স্বায়ত্তশাসিত অঞ্চল তিব্বতও এই দুর্যোগে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে অন্তত ৩০০ জন নিখোঁজ রয়েছেন। এর আগে তিব্বতে তিনজনের মৃত্যুর তথ্য জানিয়েছিল চীনা কর্তৃপক্ষ।

ধ্বংসস্তূপ ও কাদার নিচে আরও মানুষ আটকা পড়ে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। ফলে উদ্ধার অভিযান যত এগোবে, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

সূত্র: এএফপি

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপথাস্ত-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপথাস্ত ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/nepale-bnja-bhumidhse-469-mrdeh-uddhar-nikhonj-der-hajar>